



New York State
Seal of Biliteracy
(NYSSB)



পরিবারের জন্য NYSSB

NYSSB কি?

নিউ ইয়র্ক স্টেট সীল অফ বিলিটারেসি (New York State Seal of Biliteracy-NYSSB) হল একটি পুরস্কার যা দেওয়া হবে সেই সমস্ত হাই স্কুল স্নাতকদের যারা ইংরাজি এবং অন্য একটি বা একাধিক আন্তর্জাতিক ভাষায় উচ্চস্তরের দক্ষতা অর্জন করতে পারবে। NYSSB ভাষা শিক্ষায় উদ্বুদ্ধ করে, বৈচিত্র্যের গুরুত্ব ও সারা বিশ্বের মানুষের সংস্কৃতি বুঝতে সাহায্য করে এবং বিশ্ববিদ্যালয় ও ভবিষ্যৎ নিয়োগকর্তাদের কাছে আমাদের শিক্ষার্থীদের সম্পর্কে আরও তথ্য পৌঁছে দেয়।

NYSSB কীভাবে শিক্ষার্থীদের উপকৃত করে?

আজকের পৃথিবীতে একাধিক ভাষা বলতে পারার গুরুত্ব NYSSB স্বীকার করে। এখানে শিক্ষার্থীদের পরিশ্রমের মূল্য দেওয়া হয়, মাতৃভাষার ব্যবহার চালিয়ে যেতে উদ্বুদ্ধ করা হয়, এবং স্কুলে থাকতে ভাষা শিক্ষা চালিয়ে যাওয়ার সুযোগ দেয়। দ্বিভাষিক শিক্ষার স্বীকৃতি এই শিক্ষার্থীদের ক্ষেত্রে হাই স্কুলের লিখিত পাঠ্য ও ডিপ্লোমার অংশ হয় এবং এই দক্ষতা ভবিষ্যৎ নিয়োগকর্তা ও কলেজগুলিকে জানানো হয়। সমস্ত NYSSB স্নাতকরা নিজেদের ডিপ্লোমার সাথে একটি সংযুক্ত সরকারী সীল পাবে, স্নাতকত্ব লাভের অনুষ্ঠানে পরার জন্য একটি পদক পাবে এবং নিউ ইয়র্ক রাজ্য শিক্ষা বিভাগ থেকে একটি সার্টিফিকেটও পেতে পারে।

NYSSB অর্জনের চেষ্টা করা করতে পারবে?

NYSSB প্রদান করে এমন যেকোন জেলার শিক্ষার্থীরা, যারা ইংরাজিতে দক্ষ এবং/অথবা ইংরাজি ও অন্ততপক্ষে অন্য আরেকটি আন্তর্জাতিক ভাষা নিয়ে পড়াশোনা করছে, এই পুরস্কার অর্জনের চেষ্টা করতে পারবে। এর মধ্যে তারাও থাকবে যারা বাড়িতে ইংরাজি ছাড়া অন্য কোন ভাষায় কথা বলে এবং যারা হাই স্কুলে একটি আন্তর্জাতিক ভাষা শিখছে।

<http://www.nysed.gov/world-languages/new-york-state-seal-biliteracy-nyssb>

NYSSB লাভ করার জন্য শিক্ষার্থীদের কি করতে হবে?

NYSSB পাওয়ার একাধিক রাস্তা আছে। দক্ষতার আবশ্যিক মান বোঝানোর জন্য শিক্ষার্থীদের ইংরাজিতে তিন (3) পয়েন্ট এবং অন্য এক বা একাধিক ভাষায় তিন (3) পয়েন্ট লাভ করতে হবে। শিক্ষার্থীরা ইংরাজিতে বা আন্তর্জাতিক ভাষার পাঠ্যক্রমে 85% বা তার বেশী ফল করে, জাতীয় পরীক্ষাগুলিতে স্যাট স্কোর পেয়ে এবং ইংরাজি এবং/অথবা একটি আন্তর্জাতিক ভাষায় একটি প্রোজেক্ট সম্পূর্ণ করে ও উপস্থাপন করে NYSSBর জন্য পয়েন্ট লাভ করতে পারবে।

আমার শিশুকে কীভাবে NYSSB লাভের জন্য সাহায্য করতে পারি?

আপনার পরিবারে যদি ইংরাজি ছাড়া অন্য কোন কোন ভাষায় কথা বলা হয়, তাহলে শিশুকে সেই ভাষায় কথা বলা, পড়া ও লেখার দক্ষতা বাড়াতে উদ্বুদ্ধ করুন। শিশুর হাই স্কুল কাউন্সেলরের সাথে NYSSB পাওয়ার বিষয়ে যত তাড়াতাড়ি সম্ভব কথা বলুন এবং স্নাতকস্ব লাভের এমন পরিকল্পনা বানান যার মধ্যে এই পুরস্কারটি থাকে। একাধিক ভাষায় দক্ষ হওয়ার গুরুত্ব শিক্ষার্থীকে বোঝান এবং হাই স্কুল পরবর্তী জীবনের পরিকল্পনায় এটি কীভাবে তাকে সাহায্য করতে পারে সেই বিষয়ে আলোচনা করুন।

NYSSB সম্পর্কে আরও জানার জন্য কোথায় খোঁজ করতে হবে?

আপনার স্কুলের NYSSB প্রোগ্রাম সম্পর্কে আরও জানার জন্য, শিশুর স্কুল কাউন্সেলর, আন্তর্জাতিক ভাষা শিক্ষক অথবা ইংরাজি শিক্ষকের সাথে কথা বলুন। শিক্ষার্থীর পরিবার আরও তথ্য পাবেন [NYSSB ওয়েবসাইট](#) থেকে অথবা আমাদের অফিস ইমেল (nyssb@nysed.gov) বা ফোন নম্বরে (518.473.7505) যোগাযোগ করে।



Office of Bilingual Education and World Languages
New York State Education Department
89 Washington Avenue, 505EB
Albany, NY 12234



New York State
EDUCATION DEPARTMENT
Knowledge > Skill > Opportunity